# ১৫ মার্চের মধ্যে ব্যয়ের হিসাব জমা দিতে প্রার্থীদের নির্দেশ ইসির




সংগৃহীত ছবি

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়া সব প্রার্থীকে আগামী ১৫ মার্চের মধ্যে নির্বাচনি ব্যয়ের পূর্ণাঙ্গ হিসাব জমা দিতে বলেছে নির্বাচন কমিশন।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) এ সংক্রান্ত নির্দেশনা দিয়ে একটি চিঠি পাঠানো হয় সব রিটার্নিং কর্মকর্তার কাছে। চিঠিতে সিনিয়র সহকারী সচিব এএসএম ইকবাল হাসান স্বাক্ষর করেন। সেখানে উল্লেখ করা হয়, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২–এর ৪৪(গ) ধারা অনুযায়ী গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে নির্বাচনে অংশ নেওয়া প্রত্যেক প্রার্থীকে তাদের ব্যয়ের রিটার্ন সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তার দপ্তরে দাখিল করতে হবে। ত্রয়োদশ সংসদ নির্বাচনে বিজয়ীদের নাম ও ঠিকানাসহ গেজেট প্রকাশিত হয়েছে ১৩ ফেব্রুয়ারি।

নির্দেশনায় আরও বলা হয়েছে, ব্যয়ের হিসাব জমা নিশ্চিত করতে নির্বাচন উপলক্ষে জারি করা পরিপত্র–১৮ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে প্রার্থীদের জমা দেওয়া ব্যয়ের রিটার্নের তথ্য ২৫ মার্চের মধ্যে কমিশনে পাঠাতে রিটার্নিং কর্মকর্তাদের বলা হয়েছে।

উল্লেখ্য, ১৩ ফেব্রুয়ারি গেজেট প্রকাশের পর ৩০ দিন পূর্ণ হবে ১৫ মার্চ। ফলে ওই দিনই ব্যয়ের হিসাব জমা দেওয়ার সময়সীমা শেষ হচ্ছে। এবারের নির্বাচনে দুই হাজারের বেশি প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন।